যুগান্তর

6 APR 20 3

# গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আজ থেকে গণশিক্ষা মেলা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আজ থেকে জাতীয় প্রেস ক্লাবে দু'দিনব্যাপী 'গণশিক্ষা মেলা' শুরু হচ্ছে। মানসম্মত শিক্ষার পক্ষে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবং বিভিন্ন দেশের সরকার ও জনগোষ্ঠীকে নিরক্ষরতা দূরীকরণে উদ্বুদ্ধ করার জন্য বিশ্ব শিক্ষা অভিযান (জিসিই) এই কর্মসূচি গ্রহণ করেছে।

সপ্তাহব্যাপী কার্যক্রমের অংশ হিসেবে ৯ এপ্রিল সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে বিভিন্ন আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক এবং সংশ্লিষ্টদের নিয়ে পাঠন অনুষ্ঠানের আয়োজন করা হবে। আয়োজকরা জানিয়েছেন, এটা হবে বিশ্বের সর্ববৃহৎ পাঠন অনুষ্ঠান। এছাড়াও তারা গণসচেতনামূলক বিভিন্ন প্রচার ও প্রকাশনা কার্যক্রম হাতে নিয়েছে। অ্যাকশন সপ্তাহের এবারের প্রতিপাদ্য হচ্ছে- : মেয়ে শিশুর শিক্ষার জন্য জাগো বাংলাদেশ, জাগো পৃথিবী।